তথ্য ও গণসংযোগ বিভাগ

Information and Public Relations Division



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় BANGLADESH OPEN UNIVERSITY

প্রেস রিলিজ ১৪ ডিসেম্বর ২০২৪

শহিদ বুদ্ধিজীবী দিবসে বাউবি উপাচার্যের শ্রদ্ধা নিবেদন



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে যথাযোগ্য মর্যাদায় শহিদ বুদ্ধিজীবী দিবস উদযাপন উপলক্ষ্যে আজ ১৪ ডিসেম্বর ২০২৪ তারিখ শনিবার বিভিন্ন কর্মসূচি পালিত হয়। শহিদ বুদ্ধিজীবীদের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করে উপাচার্য অধ্যাপক ড. এবিএম ওবায়দুল ইসলাম এর নেতৃত্বে সকাল ৮:০০ টায় মিরপুর শহিদ বুদ্ধিজীবী স্মৃতিসৌধে এবং সকাল ১০:০০ টায় রায়ের বাজার শহিদ বুদ্ধিজীবী স্মৃতিসৌধে পুস্পার্ঘ্য অর্পণ করা হয়। এ সময় উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক সাঈদ ফেরদৌস পিএইচিড রেজিস্ট্রার, ডিন, পরিচালক, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।

কর্মসূচির অংশ হিসেবে বিশ্ববিদ্যালয়ের গাজীপুর ক্যাম্পাসে ১৪ ডিসেম্বর ভোর ৬:৩০ টায় উপাচার্য অধ্যাপক ড. এবিএম ওবায়দুল ইসলাম এর পক্ষে থেকে শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের নিয়ে উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক সাঈদ ফেরদৌস পিএইচডি জাতীয় পতাকা অর্ধনমিত ও কালো পতাকা উত্তোলণ করেন। এ দিনে সকালে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ শোকের প্রতীক কালো ব্যাজ ধারণ করেন। দিবসের তাৎপর্য তুলে ধরে বিশ্ববিদ্যালয়ের অফিস ভবনসমূহে বিভিন্ন ব্যানার প্রদর্শন করা হয়।

এছাড়াও যোহরের নামাজের পর বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মসজিদে শহিদদের আত্মার মাগফিরাত কামনা করে বিশেষ দোয়া অনুষ্ঠিত হয়। সারা দেশজুড়ে বিস্তৃত বাউবির আঞ্চলিক ও উপ-আঞ্চলিক কেন্দ্রসমূহে শহিদ বুদ্ধিজীবী দিবসের কর্মসূচি পালন করা হয়।

মো: খালেকুজ্জামান খান

পরিচালক (ভারপ্রাপ্ত)

মোবাইল- ০১৭১১২০৭৬৯৮